

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাপ্তি

২০২০-২০২১ অর্থবছরের জাতীয় বাজেটে শিক্ষাক্ষেত্রে করোনা মহামারী-র
কারণে সৃষ্টি ক্ষতি পুরিয়ে নেওয়া এবং ভবিষ্যৎ চাহিদা পূরণের জন্য

সর্বিনয় আবেদন

মাননীয় প্রধানমন্ত্রী

বাংলাদেশে শিক্ষা নিয়ে কর্মরত সহস্রাধিক বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন, শিক্ষাবিদ, গবেষক ও শিক্ষা অধিকার কর্মীদের ঐক্যজোট গণসাক্ষরতা অভিযান-এর পক্ষ থেকে আপনাকে সশ্রদ্ধ অভিবাদন জানাচ্ছি।

করোনাকালীন সময়ে বর্তমান সরকারের বহুমুখী প্রয়াস বিশেষ করে সামাজিক সুরক্ষা, স্বাস্থ্য ও আর্থিকখাতে বেশ কয়েকটি পুনরুদ্ধার উদ্যোগ প্রাণিক জনগোষ্ঠীর দৃঢ়ত্বে সহায় ক হয়েছে। এজন্য আপনাকে এবং আপনার নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকারকে কৃতজ্ঞতা জানাই।

আপনি অবগত আছেন যে, করোনা-র সরাসরি প্রভাবে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে শিক্ষাক্ষেত্রিক শিক্ষা কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। সরকার এ পরিস্থিতি উত্তরণের জন্য টেলিভিশন, রেডিও, মোবাইল ফোন ও ইন্টারনেটভিত্তিক শিক্ষাকর্মসূচি চালিয়ে যাচ্ছেন। যদিও এর মাধ্যমে এখনো সব শিক্ষার্থীর কাছে পৌছানো সম্ভব হয়নি, তবুও এই উদ্যোগের জন্য আপনাকে ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে ধন্যবাদ জানাই।

ইউনেস্কো ও বিশেষজ্ঞদের মতে করোনার ফলে পারিবারিক অর্থ সংকট, শিশুশ্রম, বিদ্যালয়ে অনুপস্থিতি, ঘৰেপড়া, অপুষ্টিজনিত প্রতিবন্ধকতা ও বাল্য-বিবাহের ঝুকির কারণে বিশ্বব্যাপী শিক্ষাখাতের বিগত ২০ বছরের অগ্রগতি হ্রাসকির সম্মুখীন হবে।

সম্মানীত সংসদনেত্রী

উপরে উল্লেখিত বুঁকি প্রশংসন এবং মানবসম্পদ উন্নয়নে অগ্রাধিকারভিত্তিতে বিবেচনার জন্য আপনার নিকট আমাদের আবেদনসমূহ সর্বিনয়ে উপস্থাপন করিঃ

১. শিক্ষার অর্জনসমূহ ধরে রাখা ও অনাকাঙ্খিত বিপর্যয় রোধে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় বাজেটে শিক্ষা খাতে ন্যূনতম ১৫% বরাদ্দ দেওয়া।
২. আমরা বিশ্বাস করি অর্থনৈতি, স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষার সাথে সাথে বাংলাদেশে শিক্ষার ক্ষেত্রে বিগত দুই দশকের অগ্রযাত্রা সমূলত রাখার জন্য এখনই একটি ‘শিক্ষা পুনরুদ্ধার কার্যক্রম’ (Education Recovery Programme) হাতে নেওয়া প্রয়োজন।
৩. ঐ বিশেষ পরিকল্পনায় পাঠ্যনাম পাঠ্যনামের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে প্রয়োজনীয় সহায়তা দেওয়া, শিক্ষক ও অভিভাবকদের আশ্বস্ত করা, অপ্রয়োজনীয় পরীক্ষাসমূহ বাদ দেওয়া ও পাঠ্যনামের রুটিন সমন্বয় করার ওপর গুরুত্ব দেওয়া।
৪. আগামীদিনের শিক্ষা হবে তথ্যপ্রযুক্তি নির্ভর। এইজন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সকল শিক্ষাপ্রতিষ্ঠানে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা।
৫. বিটারসি, এট্রাই, আইসিটি বিভাগ, এনসিটিরি, ইন্টারনেট সেবা প্রদানকারী সংস্থা, মোবাইল অপারেটর এবং সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদানকারী সংস্থা/প্রতিষ্ঠানের সমন্বয়ে তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থাপনার ভিত্তি আরো সুদৃঢ় করা।
৬. শিক্ষকদের সহায়তা ও প্রগোদ্ধনা দেওয়া, বিশেষ করে শোভন জীবনযাপনের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত এবং ননএমপিও শিক্ষকদের বেতন-ভাত্তাদি করোনাকালীন এবং করোনা পরবর্তী সময়ে নিয়মিত প্রদান নিশ্চিত করা। একই সঙ্গে ইন্টারনেটভিত্তিক শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা ও শিক্ষার্থী মূল্যায়নে তাদের দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা করা।
৭. শিক্ষাক্ষেত্রে সামাজিক সুরক্ষা কার্যক্রমের আওতা বৃদ্ধি করা, বিশেষ করে উপবৃত্তি ও স্কুল মিল কার্যক্রম উপানুষ্ঠানিক শিক্ষাসহ সকল পর্যায়ের সুবিধাবৃত্তি শিক্ষার্থীর জন্য সম্প্রসারণ করা। এছাড়াও প্রতিবন্ধী, আদিবাসী/ক্ষুদ্র নৃগোষ্ঠী, চৱ-হাওর ও উপকূলীয় এলাকা, দুর্গম এলাকা, শহরের বন্তি এবং গ্রামীণ জনপদের শিক্ষার্থীদের বিশেষ চাহিদার প্রতি লক্ষ্য রাখা।
৮. ২০১০ সালের শিক্ষানীতির পূর্ণাঙ্গ বাস্তবায়নের লক্ষ্যে করোনা, রূপকল্প-২০৪১ ও এসডিজিস-এর লক্ষ্যমাত্রা পূরণ বিবেচনায় এই নীতির প্রয়োজনীয় পরিমার্জন করা।
৯. কৃষিখাতে গবেষণালক্ষ অভিজ্ঞতার আলোকে শিক্ষার বর্তমান বাস্তবতা ও ভবিষ্যৎ চাহিদা (যেমন-আইসিটি-র প্রসার) বিবেচনায় শিক্ষাক্ষেত্রেও মৌলিক গবেষণা কার্যক্রম জোরদার করা।

শ্রদ্ধেয় জননেত্রী

আমরা বিশ্বাস করি, করোনাকালীন ক্ষতি পুরিয়ে নেওয়ার লক্ষ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, ভিশন-২০৪১ ও বঙবন্ধু-র স্বপ্ন বাস্তবায়নের জন্য শিক্ষাই প্রধান হাতিয়ার। তাই একটি স্মৃক, শিক্ষিত, অলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে জাতীয় বাজেটে শিক্ষায় প্রয়োজনীয় বরাদ্দ দেওয়ার জন্য আপনার কাছে আকুল আবেদন জানাচ্ছি।

শিক্ষার উন্নয়নে আপনার বিবাহীন প্রয়াসকে আমরা অভিবাদন জানাই। সরকারের একান্ত সদিচ্ছা, যথাযথ কৌশল ও সময়োপযোগী পদক্ষেপ SDGs-এ স্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশ-এর অঙ্গীকার পূরণে ও জাতীয় লক্ষ্য অর্জনে যুক্ত করে নতুন মাত্রা, বেগবান হবে আমাদের সম্মিলিত প্রয়াস - মাননীয় প্রধানমন্ত্রী, এ আমাদের দৃঢ় বিশ্বাস।

প্রচার ও সমন্বয়ে

গণসাক্ষরতা অভিযান (CAMPE)

৫/১৪ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা - ১২০৪

ফোন: ৯১৩০৮২৭, ৫৮১৫৩৮১৭, ৫৮১৫৫০৩১

সহযোগিতায়

সকল সহযোগী সংগঠন

